# Answer Key

**প্রঃ( ১) নীচের শব্দগুলির উত্তর লেখো :-**

**“ আমি প্রভুকে বলিয়া , তোমার বন্দোবস্ত করিয়া দিব ”**

ক) ‘আমি’ বলতে একটি গৃহপালিত কুকুরের কথা বলা হয়েছে।

খ) কুকুরটি প্রভুর গৃহে অতিশয় সুখে থাকতো। প্রভুর ভৃত্যেরা আদর ও যত্ন করে কুকুরটিকে স্নান করিয়ে আহার দিত। আহারের বিনিময়ে সে রাত্রে গৃহের দেখাশোনা করতো। শুধুমাত্র দিনের বেলায় তাকে শিকল দিয়ে বেঁধে রাখা হত ।

গ) কুকুরটির চেহারা সবল ও স্থূলকায় ছিল।

ঘ) সে একটি ক্ষুধার্ত শীর্ণকায় বাঘের কাজের বন্দোবস্তের কথা বলেছিল।

ঙ) বাঘটি দিনরাত আহারের জন্য চেষ্টা করেও পেটভরা আহার পেতো না। কোনও কোনও দিন অনাহারে থাকতে হত। এই ভাবে সে দুর্বল হয়ে পড়েছিল।

চ) পরাধীন সুখী জীবন অপেক্ষা কষ্টকর স্বাধীন জীবন অনেক বেশী মূল্যবান। কোনো কিছুর বিনিময়ে স্বাধীনতাকে বিসর্জন দেওয়া যায়না।

**প্রঃ(২ ) শূন্যস্থান পূরণ করো :-**

ক) প্রথম **আলাপের** পর , **ব্যাঘ্র** কুকুরটিকে কহিল , ভাল ভাই ! **জিজ্ঞাসা** করি , বল দেখি , তুমি **কেমন** করিয়া , এমন **সবল** ও **স্থূলকায়** হইলে ?

খ) কোনও **কোনও** দিন , **উপবাসীও** থাকিতে হয়।

গ) রাত্রিতে , **প্রভুর** বাটীর **রক্ষণাবেক্ষণ** করিতে হয়,এই মাত্র ।

**প্রঃ (৩) ঠিক উত্তরের পাশে টিক '√' চিহ্ন এবং ভুল উত্তরের পাশে ক্রশ 'X' চিহ্ন দাও :-**

ক) X
খ) X
গ) X
ঘ) X
ঙ) √

## পাঠমালা - Desk Work

**জ্ঞানমূলক প্রশ্ন :- পৃষ্ঠা ৫৩**

**প্রঃ( ১) "এক স্থূলকায় পালিত কুকুরের সহিত , এক ক্ষুধার্ত ব্যাঘ্রের সাক্ষাৎ হইল।"**

ক) একটি পালিত কুকুরের সঙ্গে একটি বাঘের সাক্ষাৎ হয়েছিল ।
খ) কুকুরটির চেহারা সবল ও স্থূলকায় ।
গ) বাঘটি ক্ষুধায় কাতর ও শীর্ণকায় ছিল ।
ঘ) প্রথম আলাপের পর বাঘ কুকুরটিকে প্রশ্ন করেছিল যে, কুকুরটি কীভাবে সবল ও স্থুলকায় হয়েছে। প্রতিদিন কুকুরটি কী আহার করে এবং কীভাবে করে তা বাঘটি জানতে চেয়েছিল। সে নিজের আহারের অভাবের কথাও কুকুরকে বলেছিল।

**প্রয়োগমূলক ও ব্যাকরণভিত্তিক প্রশ্ন :-**

প্রঃ(গ) ১) সবল - দুর্বল
পরিমিত আহারের অভাবে শিশুটি **দুর্বল** হয়ে পড়েছিল।

২) প্রভু - ভৃত্য
রামবাবু তার ভৃত্যটিকে নিজের ছেলের মতো ভাবেন।

৩) দুঃখ - সুখ
সবার ভাগ্যে **সুখ** সহ্য হয় না।

৪) ইচ্ছা - অনিচ্ছা
**অনিচ্ছা** থাকা সত্ত্বেও আমাকে খারাপ খাবারটি খেতে হয়েছিল।

৫) আদর - অনাদর
বাবার **অনাদর** সহ্য করতে না পেরে ছেলেটি গৃহত্যাগ করল।

**প্রঃ(৬) নীচের এলোমেলো করা শব্দগুলিকে সাজিয়ে বাক্য রচনা করো :**

১) আমার, মত আহার পাও।
২) প্রভুর বাটীর রক্ষণাবেক্ষণ করিতে হয়।
৩) রৌদ্রে ও বৃষ্টিতে, অতিশয় কষ্ট পাই।
৪) আর ক্লেশ সহ্য হয় না !
৫) দিনের বেলায় আমাকে বাঁধিয়া রাখে।

## পাঠমাল :- Reader Book

### বাড়ির কাজ

**পাঠ-অভ্যাস : পৃষ্ঠা ৬৩**

**নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-**

**প্রঃ(১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-**

ক) স্থূলকায় - মোটা
খ) ক্ষুধার্ত - ক্ষুধায় কাতর
গ) সাক্ষাৎ - দেখা
ঘ) অহোরাত্র - দিনরাত
ঙ) উদর - পেট
চ) রক্ষণাবেক্ষণ - দেখাশোনা
ছ) বন্দোবস্ত - ব্যবস্থা

জ) ভৃত্য - চাকর
ঝ) ক্লেশ - কষ্ট
ঞ) সহস্র - হাজার

**প্রঃ(৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-**

ক) পালিত - পালন
খ) ক্ষুধা - ক্ষুধার্ত
গ) আহার - আহার্য
ঘ) উদর -ঔদরিক
ঙ) উপবাসী - উপবাস
চ) দুর্বল - দুর্বলতা
ছ) সম্মত - সম্মতি
জ) দাগ - দাগী
ঝ) মুখ - মুখরা
ঞ) স্বাধীন - স্বাধীনতা

***************************